

২০১৯-২০২০ শিক্ষা বর্ষের অনার্স ১ম বর্ষের শিক্ষার্থীদের শর্ত সাপেক্ষে ২য় বর্ষে Promotion
সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

তারিখ : ১৭/০৬/২০২১ খ্রি.

লালমাটিয়া মহিলা কলেজের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের অনিয়মিত অনার্স কোর্সের শিক্ষার্থীদের মধ্যে যারা ইনকোর্স পরীক্ষায় অংশ গ্রহণ করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিতব্য ২০২০ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের জন্যে আবেদন ফরম পূরণ করেছে সেসব শিক্ষার্থীদেরকে মহামারি কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় জাতীয় বিশ্ববিদ্যালয় নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ২য় বর্ষের উন্নতির ঘোষণা করবে। যে সব শিক্ষার্থী ২য় বর্ষে শর্তসাপেক্ষে উন্নীত হবে তাদের বিষয় ওয়ারী তালিকা কলেজের ওয়েব সাইটে ও ফেইজবুক গ্রুপে প্রকাশ করা হবে।

অনার্স ১ম বর্ষ থেকে অনার্স ২য় বর্ষের প্রমোশনের শর্তসমূহ:

১। ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের অনিয়মিত শিক্ষার্থী যারা অনার্স কোর্স সম্পন্ন করে ২০২০ সালের অনুষ্ঠিতব্য পরীক্ষার জন্য আবেদন ফরম পূরণ করেছে।

২। কোভিড -১৯ পরিস্থিতির উন্নতি হলে লিখিত এবং ব্যবহারিক পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হবে। পরীক্ষার রেগুলেশন অনুযায়ী লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় অংশ গ্রহণ করে কমপক্ষে ৩টি তত্ত্বীয় কোর্সে D বা এর বেশি পেতে হবে। প্রমোশনের নীতিমালা অনুযায়ী উত্তীর্ণ (Promoted) হতে ব্যর্থ হলে শর্ত সাপেক্ষে উত্তীর্ণ (Conditional Promotion) বাতিল বলে গণ্য হবে। অর্থাৎ তাদেরকে অনার্স ১ম বর্ষে পুনরায় অধ্যয়ন করতে হবে।


৩। উল্লিখিত শর্ত মেনে নিয়ে এই Conditional Promotion (শর্ত সাপেক্ষে উত্তীর্ণ) গ্রহণে রাজি আছে মর্মে সকল শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত অঙ্গীকারনামায় (কপি সংযুক্ত) স্বাক্ষর করে স্বাস্থ্যবিধি মেনে হাতে হাতে বিষয় ওয়ারী কাউন্টারে জমা দিতে হবে। কোভিড-১৯ পরিস্থিতির কারণে যারা স্বশরীরে উপস্থিত হতে পারবে না তাদেরকে অঙ্গীকারনামা ও রেজিস্ট্রেশন কার্ডের স্ক্যান কপি lmc2ndyearadmission@gmail.com ইমেইলে পাঠাতে হবে। ইমেইলে শিক্ষার্থীর নাম, ক্লাস রোল নং ও বিষয় উল্লেখ থাকতে হবে।

৪। হাতে হাতে বা ইমেইলে অঙ্গীকার নামা ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি আগামী ২০/০৬/২০২১ খ্রি: থেকে ১১/০৭/২০২১ খ্রি: তারিখের মধ্যে জমা দিতে হবে। যেসব শিক্ষার্থী জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অঙ্গীকারনামা উক্ত তারিখের মধ্যে জমা দিতে ব্যর্থ হবে তাদের নাম বিশ্ববিদ্যালয় থেকে প্রকাশিত Conditional Promotion তালিকায় অন্তর্ভুক্ত হবে না। এজন্য শিক্ষার্থী নিজেই দায়ী থাকবে।

৫। জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে Conditional Promotion (শর্ত সাপেক্ষে উত্তীর্ণ) তালিকা প্রকাশিত হলে শিক্ষার্থীকে কলেজের নির্ধারিত ফি পরিশোধ করে ভর্তি হতে হবে।


অধ্যক্ষ

লালমাটিয়া মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭।


১৭.৬.২০২১



জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

Website : www.nubd.info/honours

অঙ্গীকারনামা

আমি নিম্নস্বাক্ষরকারী জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিতব্য ২০২০ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে কোর্স সম্পন্ন শেষে ইনকোর্স পরীক্ষার অংশগ্রহণ করে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফরম পূরণ করেছি। জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত মোতাবেক আমি সকল শর্ত মেনে নিয়ে অনার্স ২য় বর্ষে শর্ত সাপেক্ষে প্রমোশন নিতে সম্মত আছি। আমি পরবর্তিতে বিশ্ববিদ্যালয়ে ঘোষিত সময়সূচী অনুযায়ী সকল পরীক্ষায় অংশগ্রহণ করবো এবং পরীক্ষা রেগুলেশন অনুযায়ী প্রমোটেড হতে ব্যর্থ হলে আমার শর্ত সাপেক্ষে প্রদত্ত প্রমোশন বাতিল হবে এবং তাতে আমার কোনো আপত্তি থাকবে না।

পরীক্ষার্থীর নাম, স্বাক্ষর ও তারিখ	:	
পিতার নাম	:	
মাতার নাম	:	
রেজিস্ট্রেশন নং	:	
কলেজ কোড	:	
শিক্ষাবর্ষ	:	
কলেজের নাম	:	